

## স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম

### দক্ষতা বাড়ানোর প্রশিক্ষণ

দেশের রফতানি আয়ের কথা ভেবে এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের [এডিবি] অর্থায়নে সরকার হাতে নিয়েছে 'স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম' প্রকল্প। এই প্রকল্পের আওতায় ৪১ হাজার ৩১০ জনকে প্রশিক্ষণ দিতে বাংলাদেশ নিটওয়ার ম্যানুফেকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশনের [বিকেএমইএ] সঙ্গে একটি চুক্তি সম্পন্ন করেছে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ। প্রথম ব্যাচের প্রশিক্ষণ ক্লাস শুরুও হয়ে গেছে। তবে শিগগিরই নতুন করে শুরু হবে নানা মেয়াদের নানা বিষয়ের প্রশিক্ষণ। এ জন্য কোনো ফি গুনতে হবে না প্রশিক্ষণার্থীকে। প্রকল্পের উদ্দেশ্য হলো, আগ্রহীদের এই শিল্পে দক্ষ হিসেবে গড়ে তোলা। এ ছাড়া যারা এই পেশার সঙ্গে জড়িত তাদের দক্ষতা আরও বৃদ্ধি করা। এ উদ্দেশ্যেই প্রশিক্ষণের বিষয়টিকে দুই ভাগে ভাগ করা হয়েছে। যারা বর্তমানে এ পেশায় নিয়োজিত তাদের জন্য দক্ষতা বৃদ্ধি সংক্রান্ত 'আপ-স্কিলিং ট্রেনিং প্রোগ্রাম' এবং নতুনদের জন্য থাকবে 'ম্যানেজমেন্ট ট্রেনিং প্রোগ্রাম' ও 'স্কিল ট্রেনিং প্রোগ্রাম-অপারেটর ট্রেনিং'। আপ-স্কিলিং ট্রেনিং প্রোগ্রাম : প্রতি বছর ১০ হাজার ২১০ জন করে তিন বছরে মোট ৩০ হাজার ৬৩০ জনকে আপ-স্কিলিং ট্রেনিং প্রোগ্রামের আওতায় আনা হবে। প্রতি এক থেকে ছয় মাস পরপর বিভিন্ন মেয়াদের বিভিন্ন বিষয়ের ক্লাস নেওয়া হবে। এই প্রশিক্ষণটি হবে মূলত কারখানাভিত্তিক। লিন ম্যানুফেকচারিং সিস্টেম, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং, গার্মেন্ট কোয়ালিটি অ্যাশিউরেন্স সিস্টেম, ফেব্রিক অপটিমাইজেশন অ্যান্ড কাটিং টেকনোলজি, ফায়ার সেফটি ম্যানেজমেন্ট অ্যান্ড রিস্ক অ্যাসেসমেন্ট এবং সোশ্যাল কমপ্লায়েন্স নর্মস\_ এই ছয়টি বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হবে। এর প্রথম তিনটি বিষয়ের প্রশিক্ষণের মেয়াদ দুই মাস এবং পরবর্তী তিনটির প্রশিক্ষণের মেয়াদ এক মাস করে। প্রশিক্ষণ দেওয়া হবে ঢাকা, সাভার, গাজীপুর ও নারায়ণগঞ্জের বিভিন্ন কারখানায়। বর্তমানে এই পেশায় নিয়োজিত যারা, শুধু তারাই এই প্রশিক্ষণ নিতে পারবেন। ম্যানেজমেন্ট ট্রেনিং ও স্কিল ট্রেনিং : এখানে শুধু নতুনরা প্রশিক্ষণ নেবেন। প্রশিক্ষণটিকে সাজানো হয়েছে দু'ভাবে। একটি তত্ত্বীয়, অন্যটি ব্যবহারিক। বিকেএমইএর নিজস্ব প্রশিক্ষণ কেন্দ্রে তত্ত্বীয়, এবং বিভিন্ন কারখানায় ব্যবহারিক প্রশিক্ষণ দেওয়া হবে। তত্ত্বীয় বা ব্যবস্থাপনা পর্যায়ে অ্যাপারেলস মার্চেন্ডাইজিং, সোশ্যাল কমপ্লায়েন্স অ্যান্ড সিএসআর ইস্যুজ, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড লিন ম্যানুফেকচারিং, প্রোডাকশন প্ল্যানিং অ্যান্ড সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট, টেক্সটাইল টেস্টিং অ্যান্ড ল্যাব ম্যানেজমেন্ট, ফায়ার সেফটি ম্যানেজমেন্ট অ্যান্ড রিস্ক অ্যাসেসমেন্ট, মার্কেট অ্যানালাইসিস অ্যান্ড এক্সপোর্ট প্রমোশন এবং টেকটিস অব কমার্শিয়াল অ্যাকটিভিটিস বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হবে। এই বিষয়গুলোর প্রশিক্ষণ মেয়াদ এক থেকে ছয় মাস। ডিগ্রি, স্নাতক অথবা ইঞ্জিনিয়ারিং ডিগ্রি যাদের তারা এই প্রশিক্ষণ নিতে পারবেন। ঢাকা, নারায়ণগঞ্জ ও চট্টগ্রামের ইনস্টিটিউট অব অ্যাপারেলস রিসার্চ অ্যান্ড টেকনোলজিতে (আইএআরটি) এই প্রশিক্ষণগুলো দেওয়া হবে। এতে প্রথম বছর ১ হাজার ৮৮০ জন এবং পরবর্তী দুই বছর ১ হাজার ৯৭০ জন করে তিন বছরে মোট ৫ হাজার ৮২০ জন প্রশিক্ষণের সুযোগ পাবেন। কর্মী পর্যায়ের 'অপারেটর ট্রেনিং' নামে আরও একটি প্রশিক্ষণ দেওয়া হবে। এই প্রশিক্ষণের মেয়াদ হবে এক মাস। যে কেউ লিখতে বা পড়তে পারলেই এই প্রশিক্ষণ পাওয়ার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন। প্রশিক্ষণ দেওয়া হবে নারায়ণগঞ্জ, কুমিল্লা ও চট্টগ্রামের ওয়ার্কস ট্রেনিং ইনস্টিটিউটে। প্রথম বছর ১ হাজার ৮০ জন এবং পরবর্তী দুই বছর ১ হাজার ৮৯০ জন করে তিন বছরে মোট ৪ হাজার ৮৬০ জন কর্মী পর্যায়ে প্রশিক্ষণ নেওয়ার সুযোগ পাবেন। যেভাবে বাছাই : প্রতিটি ব্যাচে প্রশিক্ষণার্থী নেওয়া হবে বাছাই প্রক্রিয়ার মাধ্যমে। আর একেকটি ব্যাচে ৩০ জন করে প্রশিক্ষণ নেওয়ার সুযোগ পাবেন। এই ৩০ জনকে বাছাই প্রক্রিয়ার মাধ্যমেই আসতে হবে। ব্যাচ শুরুর আগে জাতীয় পত্রিকায় বিজ্ঞপ্তি দেওয়া হবে। তারপর আবেদনকারীদের যোগ্যতানুযায়ী লিখিত ও মৌখিক পরীক্ষা হবে। তারপর শুরু

হবে ক্লাস। যোগাযোগ : চাইলে সরাসরি যোগাযোগ করতে পারেন যে কেউ। খোঁজ নিতে পারেন ফোনেও।  
যোগাযোগের ঠিকানা\_ বিকেএমইএ, প্ল্যানার্স টাওয়ার [৫ম তলা], সোনারগাঁও রোড, বাংলামোটর, ঢাকা।  
ফোন : ৯৬৭০৪৯৮, ৯৬৭২২৫৭। হ জয়া

Print

ফোন : ৮৮৭০১৭৯-৮৫ ৮৮৭০১৯৫

ফ্যাক্স : ৮৮৭০১৯১ ৮৮৭৭০১৯৬

সম্পাদক : গোলাম সারওয়ার

বিজ্ঞাপন : ৮৮৭০১৯০

প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা ঢাকা - ১২০৮